**অতি জরুরী**

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ, ঢাকা।

স্মারক নং- ১জে-৩৮/২০১৫- তারিখঃ ০৬/১১/২০১৬ খ্রি.।

**বিষয়ঃ আগামী ২৪-২৫ ডিসেম্বর, ২০১৬ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন-২০১৬ উপলক্ষ্যে টেলিফোন নির্দেশিকা প্রকাশের নিমিত্ত সারা দেশে অধস্তন আদালতে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তার দপ্তর/আবাসিক টেলিফোন ও মোবাইল ফোন নম্বর, ই-মেইল এড্রেস এবং সংশ্লিষ্ট আদালতের ফ্যাক্স নম্বর এবং ই-মেইল এড্রেস প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিচার বিভাগ ডিজিটাইজেশন এবং কার্যকর আদালত প্রশাসন ও মামলা ব্যবস্থাপনার মাধ্যমে মামলাজট সহনীয় পর্যায়ে হ্রাস করার লক্ষ্যে বিদ্যমান সমস্যা, সম্ভাবনা ও সমাধানের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা ও দিকনির্দেশনা প্রদানের উদ্দেশ্যে আগামী ২৪-২৫ ডিসেম্বর, ২০১৬ খ্রি. তারিখ ২ (দুই) দিন ব্যাপী জাতীয় বিচার বিভাগীয় সম্মেলনের আয়োজন করা হয়েছে। উক্ত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে ইতোমধ্যে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

অধস্তন আদালতের বিচার প্রশাসন সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত জেলা জজ ও সমপর্যায়ের আদালতসমূহ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতসহ জেলা পর্যায়ের অন্যান্য আদালতের এবং বিচার বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সুপ্রীম কোর্টের জরুরী যোগাযোগের প্রয়োজনে উক্ত আদালত/প্রতিষ্ঠানসহ অধস্তন অন্যান্য আদালতে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তার দপ্তর/আবাসিক টেলিফোন ও মোবাইল ফোন নম্বর, ই-মেইল এড্রেস এবং সংশ্লিষ্ট আদালত/প্রতিষ্ঠানের ফ্যাক্স নম্বর, ই-মেইল এড্রেস সংক্রান্ত যাবতীয় হালনাগাদ তথ্য/তালিকা সমন্বিত আকারে অত্র কোর্টে রক্ষিত না থাকায় প্রশাসনিক স্বার্থে জরুরী প্রয়োজনে যোগাযোগে নানা অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই, উক্ত তথ্য সম্বলিত ১টি টেলিফোন নির্দেশিকা প্রস্তুত করা একান্ত আবশ্যক। উল্লেখ্য যে, বিগত ২০১৫ খ্রি. সনে অনুষ্ঠিত বিচার বিভাগীয় সম্মেলন উপলক্ষ্যে অধস্তন আদালত সম্পর্কিত একটি সমন্বিত টেলিফোন নির্দেশিকা নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রকাশ করা হয়েছিল।

| ক্রমিক নং | নাম ও পদবী | টেলিফোন/ফ্যাক্স | | মোবাইল ফোন ও ই-মেইল। |
|---|---|---|---|---|
| | | অফিস | বাসা | |
| | | | | |
| | | | | |

এমতাবস্থায়, অধস্তন আদালত এবং বিচার বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে জরুরী প্রয়োজনে যোগাযোগের নিমিত্ত সমন্বিত টেলিফোন নির্দেশিকা প্রকাশের লক্ষ্যে উক্ত আদালত/প্রতিষ্ঠানসমূহে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তার দপ্তর/আবাসিক টেলিফোন ও মোবাইল ফোন নম্বর, ই-মেইল এড্রেস এবং সংশ্লিষ্ট আদালত/প্রতিষ্ঠানসমূহের ফ্যাক্স নম্বর, ই-মেইল এড্রেস উল্লিখিত ছক মোতাবেক জরুরী ভিত্তিতে হার্ডকপি জিইপি ডাকে এবং সফ্ট কপি SutonnyMJ ফন্টে টাইপকৃত ই-মেইলে (jabid_adlr@supremecourt.gov.bd ও ismail_ar@supremecourt.gov.bd) প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**স্বা/ঃ**
(মোঃ যাবিদ হোসেন)
অতিরিক্ত রেজিস্ট্রার (অর্থ ও উন্নয়ন)
ও
আহ্বায়ক, টেলিফোন নির্দেশিকা প্রস্তুত সংক্রান্ত উপ-কমিটি,
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

স্মারক নং- ১জে-৩৮/২০১৫- ৭৭৮৭ (জজ)-(৪১) তারিখঃ ০৬/১১/২০১৬ খ্রি.।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ ..............................................................................(সকল)।
৩। মহানগর দায়রা জজ, ..............................................................................(সকল)।
৪। যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৫। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। যুগ্ম-সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, ..........................................................(সকল)।
৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
১২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৩। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৪। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৫। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৬। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৭। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮। বিভাগীয় বিশেষ জজ,.......................................................................................(সকল)।
১৯। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, .................................(সকল)।
২০। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ......................(সকল)।
২১। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল, ....................................................(সকল)।
২২। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ৪৩ অঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।
২৩। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, .........................................................(সকল)।
২৪। স্পেশাল জজ (জেলা জজ),.......................................................................(সকল)।
২৫। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ...................(সকল)।
২৬। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, মহানগর দায়রা জজ আদালত ভবন (৬ষ্ঠ তলা), ঢাকা।
২৭। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা) সেগুনবাগিচা, ঢাকা।
২৮। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ভবন (১০ম তলা), ২২ পুরানা পল্টন, ঢাকা।
২৯। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
৩০। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
৩১। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, .......................................................................(সকল)।
৩৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, .....................................................................(সকল)।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেঁশা প্লাজা, ১২৮ শহীদ সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা ।
৩৭। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ফুলবাড়ীয়া, ঢাকা।
৩৮। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৯। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪১। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪২। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪৩। অফিস কপি/গার্ড ফাইল।

০৮/১১/২০১৬

(মোঃ ইসমাইল হোসেন)
সহকারী রেজিস্ট্রার (অর্থ)
ও
সদস্য, টেলিফোন নির্দেশিকা প্রস্তুত সংক্রান্ত উপ-কমিটি,
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।